



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
অভয়নগর, যশোর।
acl.abhaynagar.jessore.gov.bd

নং- ৩১.৪০.৪১০৪.০০০.৯৯.০৬৫.২৬- ২০২২

তারিখ:- ৩০ বৈশাখ ১৪৩৩
২৬ মে ২০২৬

প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

জেলা প্রশাসক, যশোর মহোদয়ের কার্যালয়ের এস এ শাখার ৩১/০৩/২০২৬ খ্রি. তারিখের ০৫.৪৪. ৪১০০.০০১.০৫.০০৭.২৬-৭২৯ নং স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক এতদ্বারা সংশ্লিষ্টদের জানানো যাচ্ছে যে, নিম্ন তালিকাভুক্ত বিভিন্ন সময়ে জন্মকৃত/মৃত/স্বীকৃতিপূর্ণ গাছ ও পুরাতন দুইটি পরিত্যক্ত ভবন (একটি পরিত্যক্ত ভবন ও একটি পরিত্যক্ত টয়লেট) উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে আগামী ১৮/০৫/২০২৬ খ্রি. তারিখ বেলা ০৩:০০ ঘটিকায় প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে এবং সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে (শর্ত প্রযোজ্য)।

প্রকাশ্য নিলাম বিক্রয়ের অনুমোদিত গাছ ও পরিত্যক্ত স্থাপনার তালিকা:

ক্র: নং	গাছের বিবরণ	প্রাক্কলন মূল্য (টাকা)	মন্তব্য
০১	মথুরাপুর ইউনিয়ন ভূমি অফিসে সংরক্ষণ করা গাছ (শিরিষ গাছ ২৫ টি ও মাটাম গাছ ০৭ টি)	৩৩,১৪৪/-	
০২	ভাটপাড়া ইউনিয়ন ভূমি অফিসে সংরক্ষণ করা গাছ (শিরিষ গাছ ০১ টি ও নারিকেল গাছ ০১ টি)	১২,৩৩৪/-	
০৩	ভাটপাড়া ইউনিয়ন ভূমি অফিসের ০২ (দুই) টি পুরাতন পরিত্যক্ত স্থাপনা	২৯,১৬৭/-	
	মোটঃ	৭৪,৬৪৫/-	

নিলামের শর্তাবলী

১) জন্মকৃত/মৃত/স্বীকৃতিপূর্ণ গাছ ও পরিত্যক্ত স্থাপনা নিলাম ডাকে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে ২৫% জামানতের টাকা (ফেরতযোগ্য) উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর, যশোর এর অনুকূলে ব্যাংক ড্রাফটের মাধ্যমে ১৮/০৫/২০২৬ খ্রি. তারিখের ধার্য সময়ের পূর্বে জমা দিতে হবে। জামানতের সাথে জাতীয় পরিচয় পত্রের ছায়াছবি (বাধ্যতামূলক) দাখিল করতে হবে। উক্ত নিলামে অংশগ্রহণের পূর্বে আগ্রহী ক্রেতাদেরকে গাছ ও স্থাপনা সরেজমিন পরিদর্শন করে নিলামে অংশগ্রহণের জন্য বলা হলো। নিলাম পরবর্তী সময়ে মালামাল অপসারণে কোনরূপ আপত্তি করা যাবে না।

২) ভিত্তি মূল্যের অধিক সর্বোচ্চ ডাককারীর নামে নিলাম বরাদ্দ হবে। কিন্তু সর্বোচ্চ নিলাম ডাককারী কোন কারণে নিলামের শর্ত ভঙ্গ করলে পরবর্তী পর্যায়ক্রমে সর্বোচ্চ ডাককারীকে সুযোগ প্রদান করা হবে। ডাকের সমুদয় অর্থ এবং ড্যাট ১৫% ও আয়কর ১০% টাকা নিলামের পরবর্তী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে ট্রেজারি চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিতে হবে। চালানোর মূলকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিয়ে কার্যাদেশ সংগ্রহ করতে হবে।

৩) নিলামে ক্রয়কৃত মালামালের কার্যাদেশ পাওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে নিজ ব্যবস্থাপনায় এবং উদ্যোগে নিলামকৃত মালামাল অপসারণ করতে হবে। নিলামকৃত মালামাল অপসারণ ও পরিবহনের সময় প্রচলিত আইন কানুন ও বিধিবিধান মেনে চলতে হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিলাম ডাক বাতিল বা সম্পূর্ণ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



শেখ সালাউদ্দীন দিপু
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি


পুরাতন মালামাল/গাছ নিলাম বিক্রয় কমিটি
অভয়নগর, যশোর।

নং- ৩১.৪০.৪১০৪.০০০.৯৯.০৬৫.২৬- ২০২২(২০)

তারিখ:- ৬০ বৈশাখ ১৪৩৩
১৬ মে ২০২৬

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ০১। জেলা প্রশাসক, যশোর।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), যশোর।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর, যশোর।
- ০৪। প্রশাসক, উপজেলা পরিষদ/নওয়াপাড়া পৌরসভা, অভয়নগর, যশোর।
- ০৫। উপজেলা প্রকৌশলী, অভয়নগর, যশোর।
- ০৬। ফরেস্টার, সামাজিক বন বাগান কেন্দ্র, অভয়নগর, যশোর।
- ০৭। উপজেলা আইসিটি কর্মকর্তা, অভয়নগর, যশোর। [বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ]।
- ০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, -----অভয়নগর, যশোর। [নিলাম সংক্রান্ত বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানিয়ে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ০৯। উপ-প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, অভয়নগর, যশোর। [নিলাম সংক্রান্ত বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানিয়ে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো]
- ১০। কম্পিউটার অপারেটর, উপজেলা ভূমি অফিস, অভয়নগর, যশোর। [নিলাম সংক্রান্ত বিজ্ঞপ্তিটি উপজেলা ভূমি অফিসের ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো]
- ১১। অফিস কপি।



সহকারী কমিশনার (ভূমি)

ও

সদস্য সচিব

পুরাতন মালামাল/গাছ নিলাম বিক্রয় কমিটি
অভয়নগর, যশোর।